অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 15ই এপ্রিল অন্তিম তারিখের প্রাক্কালে গভর্নর কুওমো বিনামূল্যে ট্যাক্স ফাইলিংয়ের বিকল্প এবং অনলাইন সংস্থানগুলির কথা ঘোষণা করেছেন

বিনামূল্যের পরিষেবাগুলির মধ্যে আছে নিজে গিয়ে বা অনলাইন ফাইল করার সহায়তা এবং অনলাইন রিফান্ড ট্র্যাকিং

15ই এপ্রিল অন্তিম তারিখের আগে নিউ ইয়র্কবাসীদের তাদের ট্যাক্স-ফাইল করার দায়বদ্ধতা পূরণ করতে সহায়তা করার জন্য গভর্নর কুওমো আজ একটি বিস্তীর্ণ পরিসরের বিনামূল্যের সংস্থান এবং পরিষেবার উপলব্ধতার কথা ঘোষণা করেছেন। কর দপ্তরের (Tax Department) ওয়েবসাইটে উপলব্ধ সফটওয়্যার ব্যবহার করে যোগ্য করদাতাগণ ইলেকট্রনিকভাবে তাদের রিটার্ন প্রস্তুত ও ফাইল করতে পারবেন। উপরন্তু, সমস্ত করদাতা বিনা খরচে অনলাইনে তাদের রিফান্ড ট্র্যাক করতে এবং কর দপ্তরের সাথে সরাসরি যোগাযোগ করতে পারবেন।

"করের বিষয়টি জটিল বা ব্যয়বহুল করার প্রয়োজন নেই", **গভর্নর কুওমো বলেন,** "বিনামূল্যের পরিষেবা এবং নির্দেশনার এই সহায়ক ব্যবস্থাসমূহ ফাইল করার প্রক্রিয়াটি ফলপ্রসু করতে সাহায্য করবে, এবং আমি সমস্ত যোগ্য নিউ ইয়র্কবাসীদের এই সংস্থানগুলির সুযোগ নিতে উৎসাহিত করি।"

বিনামূল্যে নিজে গিয়ে ফাইল করার সহায়তা উপলব্ধ

2018 সালে 66,000 ডলার বা তার কম সমন্বিত মোট পারিবারিক আয়ের করদাতাগণ বিনামূল্যের কর সহায়তা সাইটগুলিতে নিরাপদে এবং সুদক্ষভাবে তাদের রিটার্ন ই-ফাইল করার সুযোগের সদ্ব্যবহার করতে পারেন।

নিম্ন ও মধ্যবিত্ত নিউ ইয়র্কবাসীদের বিনামূল্যে ফাইল করার প্রক্রিয়ায় বিনামূল্যে সহায়তা করতে প্রতিটি জায়গায় কর দপ্তরের বিশেষজ্ঞরা থাকবেন। কিছু জায়গায়, তারা আরবি, বাংলা, চীনা, হাইতিয়ান ক্যারোল, ইতালিয়ান, জাপানি, কোরিয়ান, রুশ, স্পেনীয় এবং উর্দু সহ বিভিন্ন ভাষায় করদাতাদের সহায়তা করবেন।

কর দপ্তর এই বছর সমগ্র নিউ ইয়র্ক স্টেটের কলেজ ক্যাম্পাসগুলিতেও তাদের উপস্থিতি সম্প্রসারিত করছে। নিউ ইয়র্ক স্টেটের আশেপাশের সাতটি বিভিন্ন কমিউনিটি কলেজের সাথে অংশীদার হয়ে, কর দপ্তর, কলেজের ছাত্রছাত্রী, অধ্যাপক, এবং কর্মীদের বিনামূল্যে তাদের আয়কর রিটার্ন প্রস্তুত ও ফাইল করতে সহায়তা করছে।

সমগ্র স্টেটে বিনামূল্যে ফাইল করার সমস্ত সেশনের তারিখ, সময় এবং স্থানের একটি সূচির জন্য www.tax.ny.gov এ "বিনামূল্যে কর সহায়তা (Free Tax Assistance)" অনুসন্ধান করুন। আপনার

বিনামূল্যের ফাইল করার সেশনের সময় আপনাকে কোন গুরুত্বপূর্ণ নথিপত্র এবং তথ্য নিয়ে আসতে হবে এই পৃষ্ঠাটি সেটিও বিবৃত করে।

বিনামূল্যে কর প্রস্তুতের সফটওয়্যার অনলাইনে উপলব্ধ

আপনি যোগ্য হলে, একটি বিনামূল্যে কর সহায়তা সাইটের পরিবর্তে আপনার কম্পিউটার, স্মার্টফোন, বা ট্যাবলেট থেকে আপনার রিটার্ন ফাইল করতে আপনি www.tax.ny.gov এ সেই একই বিনামূল্যের সফটওয়্যার অ্যাক্সেস ও ব্যবহারও করতে পারবেন।

কর প্রস্তুতের সফটওয়্যারে নির্দেশিত হতে কর দপ্তরের ওয়েবসাইটে "বিনামূল্যে ফাইল করুন (Free File)" অনুসন্ধান করুন। সফটওয়্যারটির ব্যবহার ফাইল করার ত্রুটি কমাবে যে ত্রুটিগুলির জন্য রিটার্ন প্রক্রিয়াকরণ এবং রিফান্ডগুলি বিলম্বিত হয়। সেইসাথে এটি মূল্যবান ক্রেডিটগুলি চোখে না পড়াও আটকাবে।

ইমেলের মাধ্যমে পেপার রিটার্ন পাঠানোর তুলনায় ই-ফাইলিং নিরাপদ এবং আরও কার্যকর। নিউ ইয়র্ক স্টেটের সমস্ত ব্যক্তিগত আয়কর রিটার্নের প্রায় 92% ইলেকট্রনিকভাবে প্রস্তুত এবং ফাইল করা হয়। সমস্ত রিটার্ন, তাই ইলেকট্রনিকভাবে বা পেপারে, যেভাবেই ফাইল করা হোক না কেন, একই পদ্ধতিগত পর্যালোচনার মধ্যে দিয়ে যায়।

আপনি যদি একজন অর্থপ্রদত্ত প্রস্তুতকারী নিয়োগ করা স্থির করেন, তাহলে আপনি যাকে নিয়োগ করছেন তিনি বিশ্বস্ত এবং ভরসাযোগ্য কিনা তা নিশ্চিত করতে পরামর্শগুলি পর্যালোচনার জন্য কর দপ্তরের ওয়েবসাইটে "নিয়োগ" অনুসন্ধান করুন।

আপনার রিফান্ড স্থিতি পরীক্ষা করুন

করদাতাগণ কর দপ্তরের ওয়েবসাইট www.tax.ny.gov এ "আপনার রিফান্ড পরীক্ষা করুন (Check your Refund)" অনুসন্ধান করে যে কোনো সময় তাদের নিউ ইয়র্ক স্টেটের কর রিফান্ডের স্থিতি দ্রুত দেখতে পারবেন। প্রতিদিন আপডেট হওয়া, "আপনার রিফান্ড পরীক্ষা করুন" বিকল্পটি আপনি কখন আপনার রিফান্ড আশা করতে পারেন তা জানার সবথেকে দ্রুত ও সুবিধাজনক উপায়। আপনার কর দপ্তরের প্রতিনিধি ফোনে আপনাকে যে তথ্য দেবে এটি সেই একই তথ্য প্রদান করে--কোনো অপেক্ষা ছাড়াই!

আপনি কর দপ্তরের ইমেল অ্যালার্টগুলিতে সাইন আপ করেও আপনার রিফান্ড কখন ইস্যু হবে তা জানতে পারবেন। www.tax.ny.gov এ কর দপ্তরের হোমপেজ দেখুন এবং পৃষ্ঠাটির নিচে সদস্য হন নির্বাচন করুন।

উপলব্ধ ট্যাক্স ক্রেডিটগুলিতে বিলিয়ন ডলারেরও বেশি সাশ্রয়ের সুবিধা থেকে বঞ্চিত হবেন না

নিউ ইয়র্ক স্টেট করদাতাগণ উপার্জিত আয়কর ক্রেডিটগুলির (earned income tax credits, EITCs) জন্য যোগ্য হতে পারেন, যা বকেয়া যে কোনো করের পরিমাণ উল্লখযোগ্যভাবে কমাতে পারে বা নিম্ন- বা মধ্যবিত্ত কর্মী এবং পরিবারবর্গকে উল্লেখযোগ্য রিফান্ড দিতে পারে।

2018 আর্থিক বছরে, তিনটি বাচ্চা থাকা একটি পরিবারের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রীয়, স্টেট এবং নিউ ইয়র্ক শহরের সর্বাধিক মোট EITC হল 8,682 ডলার। যোগ্যতার আবশ্যিকতা কর দপ্তরের ওয়েবসাইটে ব্যাখ্যা করা হয়েছে।

কর দপ্তরের সাথে সরাসরি যোগাযোগ করুন
আপনার রিটার্নে এন্ট্রিগুলির সমর্থনে নথিপত্র চেয়ে কোনো চিঠি পেলে, এর অর্থ এই নয় যে আপনি কিছু ভুল করেছেন। রিটার্ন এবং দাবি করা রিফান্ডগুলি নির্ভুল সেটি নিশ্চিত করতে এটি কর দপ্তরের নেওয়া বিভিন্ন পদক্ষেপগুলির মধ্যে একটি। এটির লক্ষ্য হল বিশ্বাসের অযোগ্য রিটার্ন এবং রিফান্ডের দাবিগুলি বন্ধ করা, বকেয়া রিফান্ডগুলি বিলম্বিত করা নয়।

কর দপ্তরের সাথে যোগাযোগ করার সব থেকে ভালো উপায় হল বিল এবং সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিগুলি এবং নিম্নরূপ অন্যান্য বিজ্ঞপ্তিসমূহ ইলেকট্রনিক যোগাযোগের অনুরোধ করা:

1. আপনার বর্তমান অনলাইন পরিষেবাসমূহের অ্যাকাউন্টে লগ ইন করুন বা www.tax.ny.gov এ একটি তৈরি করুন।
2. আপনার অ্যাকাউন্টের সারসংক্ষেপের পৃষ্ঠার উপরের-ডানদিকে আপনার নাম নির্বাচন করুন।
3. পছন্দসমূহ নির্বাচন করুন, তারপর ড্রপ-ডাউন মেনু থেকে ইলেকট্রনিক যোগাযোগ নির্বাচন করুন।
4. ইলেকট্রনিক যোগাযোগের পৃষ্ঠায়, বিল এবং সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি, এবং অন্যান্য বিজ্ঞপ্তিসমূহের পাশের বক্সে টিক চিহ্ন দিন।

যদি আপনি উভয় বিকল্পই নির্বাচন করেন, তাহলে আপনার রিফান্ড ইস্যু করা হলে কর দপ্তর আপনাকে ইমেল করবে এবং যে কোনো ভবিষ্যৎ যোগাযোগ সম্পর্কে আপনাকে সতর্ক করে দেবে।

নিরাপদে একটি চিঠি বা বিজ্ঞপ্তির উত্তর দিতে, আপনি শুধু আপনার অনলাইন পরিষেবার অ্যাকাউন্টে লগ ইন করবেন এবং আমাদের দপ্তরের বিজ্ঞপ্তির উত্তর প্রদান (Respond to Department Notice) অনলাইন পরিষেবা ব্যবহার করবেন। কর দপ্তরকে অতিরিক্ত তথ্য প্রদানের এটি হল সর্বাধিক সহজতর এবং দ্রুততর উপায়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন